

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ১৭২৩

২০/ তাহাজ্বুদ ও দিনের নফল নামাজ (کتاب قیام اللیل وتطوع النهای) পরিচ্ছেদঃ ৪৩/ নয় রাক'আত দ্বারা বেজোড় কিভাবে করা হবে?

باب كَيْفَ الْوِتْرُ بِتِسْعِ

আরবী

أَخْبَرَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ، عَنْ عَبْدَةَ، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَةَ، عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى، عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ، أَنَّ عَائِشَةَ، قَالَتْ كُنَّا نُعِدُّ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم سوَاكَهُ وَطَهُورَهُ فَيَبْعَثُهُ اللَّهُ عَزَّ وَجَلَّ لِمَا شَاءَ أَنْ يَبْعَتُهُ مِنَ اللَّيْلِ فَيَسْتَاكُ وَيَتَوَضَّأُ وَيُصلِّي تِسْعَ وَطَهُورَهُ فَيَبْعَثُهُ اللَّهُ عَزَّ وَجَلَّ لِمَا شَاءَ أَنْ يَبْعَثُهُ مِنَ اللَّيْلِ فَيَسْتَاكُ وَيَتَوَضَّأُ وَيُصلِّي تِسْعَ رَكَعَاتٍ لاَ يَجْلِسُ فِيهِنَّ إِلاَّ عِنْدَ الثَّامِنَةِ وَيَحْمَدُ اللَّهَ وَيُصلِّي عَلَى نَبِيّهِ صلى الله عليه وسلم ويَدْعُو بَيْنَهُنَّ وَلاَ يُسَلِّمُ تَسْلِيمًا ثُمَّ يُصلِّي التَّاسِعَة ويَقْعُدُ وَذَكَرَ كَلِمَةً نَحْوَهَا ويَحْمَدُ اللَّهَ ويُصلِي عَلَى نَبِيّهِ صلى الله عليه وسلم ويَدْعُو ثُمَّ يُسلِّمُ تَسْلِيمًا يُسْمِعُنَا ثُمَّ يُصلِّي الله عليه وسلم ويَدْعُو ثُمَّ يُسلِّمُ تَسْلِيمًا يُسْمِعُنَا ثُمَّ يُصلِّي رَكْعَتَيْن وَهُو قَاعِدٌ .

বাংলা

১৭২৩। হারুন ইবনু ইসহাক (রহঃ) ... সা'দ ইবনু হিশাম (রাঃ) থেকে বর্ণিত যে, আয়িশা (রাঃ) বলেছেন, আমরা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য মিসওয়াক এবং উযুর পানি তৈরী করে রাখতাম। রাত্রের যে অংশে তাকে জাগ্রত করার আল্লাহ তা'আলার ইচ্ছা তিনি সে অংশে তাকে জাগ্রত করে দিতেন। (জাগ্রত হয়ে) তিনি মিসওয়াক এবং উযূ (ওজু/অজু/অযু) করতেন ও নয় রাকআত সালাত আদায় করতেন। শুধুমাত্র অষ্টম রাকআতে বসতেন এবং আল্লাহর প্রশংসা ও নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর উপর দরুদ পাঠ করতেন এবং দোয়া করতেন, কিন্তু সালাম ফিরাতেন না। অতঃপর নবম রাকআত আদায় করতেন এবং বসে যেতেন অনুরূপভাবে আল্লাহর যিকর করতেন, তার প্রশংসা করতেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর দরুদ পাঠ করতেন ও দোয়া করতেন। তারপর এমনভাবে সালাম ফিরাতেন যা আমরা শুনতে পেতাম। অতঃপর বসা অবস্থায় দু'রাকআত সালাত আদায় করতেন।

English

It was narrated from Sa'd bin Hisham that Aishah said:



"We used to prepare siwak and water for wudu for the Messenger of Allah (ﷺ). Allah (SWT) would wake him when He willed to wake him at night, then he would clean his teeth and make wudu, and pray nine rak'ahs, not sitting until the eighth, when he would praise Allah (SWT) and send blessings upon His Prophet and supplicate between them, but he did not say the taslim. Then he prayed the ninth and sat, and said something similar, praising Allah (SWT) and sending blessings upon His Prophet (ﷺ), then he said a taslim that we could hear, then he prayed two rak'ahs sitting down."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন